R. N. No. 2532/57 Phone : 66228 (Press), 67228 (Resi.)/STD 03483 Regd. No.—WB/MSD- 4

A Great News to all !
FINALLY WEB WORLD EDUCATION Introduces a six months certificate course for beginners & also for professionals.
For Details Contact at
HAQUE PHARMACY
Raghunathganj, Garighat
Ph. ( 03483 ) 66295

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাংক
অনুমোদিত )
ফোন : ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৬শ বর্ষ
৩৪শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ৪ঠা মাঘ, বুধবার, ১৪০৬ সাল।
১৯শে জানুয়ারী, ২০০০ সাল।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## পুরভোটকে সামনে রেখে ডিপের জল প্রকল্পের শিলান্যাস অনুষ্ঠান বাতিলের গেরোয় পড়লেন পুরপতি

বিশেষ প্রতিবেদক : উদ্বোধন আর শিলান্যাস অনুষ্ঠান বাতিলের গেরোয় বার বার পড়তে হচ্ছে পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্যকে। আগামী ১৭ ফেব্রুয়ারী পশ্চিমবাংলায় কয়েকটি বিধানসভার উপনির্বাচনের সঙ্গে জঙ্গিপুর লোকসভা কেন্দ্রের অন্তর্গত নবগ্রাম বিধানসভার ভোট হওয়ায় এবারও গত ১৬ জানুয়ারী রঘুনাথগঞ্জে ডিপের জল প্রকল্পের শিলান্যাস অনুষ্ঠান বাতিল হয়ে গেল। যদিও পূর্বের ঘোষণা মতো হাজির ছিলেন সিপিএমের মন্ত্রী, সাংসদ, নেতা ছাড়াও অনুষ্ঠান প্রাঙ্গণে ছিল সুদৃশ্য মঞ্চ, সিমেন্টের বাঁধানো শিলান্যাস ফলক বসাবার স্তম্ভ ও আনুসঙ্গিক সবকিছুই। এর আগে ঐ নির্বাচনের বেড়াজালেই পড়তে হয়েছিল পুরপতিকে। একবার রঘুনাথগঞ্জ (২য় পৃষ্ঠায়)

## সাংসদ অধীর চৌধুরীর গাড়ীতে হামলা ও তাঁর প্রাণনাশের চেষ্টার অভিযোগে তিনজন গ্রেপ্তার

নিজস্ব সংবাদদাতা : গত ১৪ জানুয়ারী রাত ১০টা নাগাদ রঘুনাথগঞ্জ শহরের উপকণ্ঠে উমরপুর চার রাস্তার মোড় থেকে শহর ঢোকার মুখে এক এ্যামবাসাডর গাড়ী ( ডি এইচ বি ১৬৫ ) লাইটের সিগনাল দিতে গন্ডগোল করায় মুখোমুখি আসা একটি টাটা সুমো গাড়ী অল্পের জন্য দুর্ঘটনা থেকে রক্ষা পায়। গাড়ীটিতে বহরমপুরের সাংসদ অধীর চৌধুরী ছিলেন। তাঁর দেহরক্ষী শ্রীকান্ত সেন গাড়ী থেকে নেমে এ্যামবাসাডর চালককে চড় থাপ্পর মেরে ধমক দিয়ে গাড়ী নিয়ে বহরমপুরের দিকে রওনা হন। এ্যামবাসাডর চালক রঘুনাথগঞ্জ ফাঁসিতলার ৺ধ্রুব পাঠকের ছেলে গৌরাঙ্গ পাঠক ওরফে গোরা মিঞাপুর পর্যন্ত এসে পুনরায় এক বন্ধুসহ গাড়ী নিয়ে উজিয়ে অধীর চৌধুরীর গাড়ীর উদ্দেশ্যে ধাওয়া করে। মথুরাপুরের কাছে টাটা সুমোকে ওভারটেক করে গাড়ীর গতি অবরোধ করে এবং রাস্তা ছাড়তে চাইনা। এই পরিস্থিতিতে অধীরবাবুর দেহরক্ষী (২য় পৃষ্ঠায়)

## ধুলিয়ান পুরসভায় অবৈধ নিয়োগ নিয়ে নানা গুঞ্জন

ধুলিয়ান : স্থানীয় পৌরসভায় বিগত কয়েক বছর ধরে নিয়োগ বন্ধ থাকলেও গত ৭ ডিসেম্বর স্যানিটারী ইন্সপেক্টর পদে অস্থায়ী-ভাবে নিয়োগ করা হয় আবদুল হাসনাতকে। যদিও পূর্বে পুরসভা ঐ পদে জনৈক সুব্রত সরকারকে নিয়োগ করে। বিজেপি— কংগ্রেসের জোটের পুরসভায় এই ধরনের কান্ডকারখানা চললেও বিরোধী পক্ষ সিপিএম—আরএসপি নিশ্চুপ। বিজেপির তরফে অবশ্য এর বিরোধীতা করা হয়। পূর্বতন স্যানিটারী ইন্সপেক্টর অবসর নিয়েছেন গত ৩১ ডিসেম্বর ৯৯। অন্যদিকে জানা যায় পুরসভার অস্থায়ী কর্মীদের কোন নিয়োগপত্র দেওয়া হয় না। অথচ তাদের এক হাজার থেকে দেড় হাজার টাকা পর্যন্ত মাইনে বাবদ সাদা কাগজে রেভিনিউ ছাড়াই সহি করানো হয়। সে টাকা কোন খাত থেকে আসছে সে নিয়েও প্রশ্ন উঠেছে। গত ১৯৯৫ সালের মে মাসে পুরসভার ওয়ার্ড ১৪ থেকে বেড়ে (২য় পৃষ্ঠায়)

### পুর নির্বাচনকে ঘিরে কর্মীসভা

## কাজের ছেলেদের প্রার্থী করুন—অধীর

নিজস্ব সংবাদদাতা : আগামী পুর নির্বাচনকে সামনে রেখে গত ১৬ জানুয়ারী জঙ্গিপুর হাই স্কুলে টাউন কংগ্রেস কমিটির প্রথম কর্মী সম্মেলন হয়ে গেল। কমিটির সভাপতি ইন্তেকাব আলমের ব্যবস্থাপনায় সম্মেলনে হাজির ছিলেন বহরমপুরের সাংসদ অধীররঞ্জন চৌধুরী, বিধায়ক হবিবুর রহমান, আবু হেনা, মাইনুল হক, রঘুনাথগঞ্জ ১ ব্লক কংগ্রেসের সভাপতি অরুণ সরকার প্রমুখ। এছাড়া সভায় বক্তব্য রাখেন ছাত্র পরিষদ নেতা বিকাশ নন্দ, আবদুস সাদেক, নুর ইসলাম। সব বক্তাই আগামী পুর নির্বাচনে দলীয় কোন্দল ভুলে গিয়ে সর্বস্তরের কর্মীদের এক হয়ে (২য় পৃষ্ঠায়)

## অধীর কোন বাড়তি গুরুত্ব পাবে না—মৃগাঙ্ক

নিজস্ব সংবাদদাতা : অধীররঞ্জন চৌধুরী জঙ্গিপুরে কর্মীসভায় যা বলে গেলেন তাতে সিপিএমের কোনরকম মাথাব্যথা নাই। সিপিএমের জঙ্গিপুর জোনাল কমিটির সম্পাদক তথা জঙ্গিপুরের পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্যকে প্রশ্ন করা হয়, আগামী পুর নির্বাচনে সাংসদ অধীর জঙ্গিপুরের ব্যাপারে মাথা ঘামাচ্ছেন—তাতে আপনার কি প্রতিক্রিয়া ? মৃগাঙ্ক বলেন, 'অধীর আমাদের কাছে কোন বাড়তি গুরুত্বই পাবে না। আমরা পূর্বেও যেভাবে নির্বাচন প্রক্রিয়া পরিচালনা করেছি, বর্তমানে তাই করবো। সে এলে বা বাম বিরোধীরা এক হয়ে লড়লেও আমরা আলাদাভাবে কোন নির্বাচনী প্রক্রিয়া তৈরী করছি না। আর এর প্রভাব কি পড়বে সেটা নির্বাচনী ফলাফলই বলে দেবে।'

বাজার হচ্ছে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার ?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার ।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর ডি ডি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৪ঠা মাঘ বুধবার, ১৪০৬ সাল।

## 'সর্বনাশে সমুৎপন্নে....' ততঃ কিম্ ?

'সেই ট্রাডিশন সমানে' চলিতেছে। ১৯৪৭ সালের কিছু পূর্ব হইতে যে জিগির ভারতীয় জনগণ শুনিয়াছিলেন, আজি তাহা প্রকারান্তরে একইভাবে ধ্বনিত হইতেছে। এখন 'বদলা'-র ধূমধারাক্কা পর্ব। পোখরানে ভারতীয় পরমাণু বিস্ফোরণ অন্তে দিল্লী-লাহোর বাসযাত্রার শুভেচ্ছাবচনের ঝুরুঝুরু প্রেমবাণী বর্ষণের মশগুল আবহাওয়ায় জম্মু-কাশ্মীরের বিভিন্ন সেকটরে পাক জঙ্গীদের ভারতীয় এলাকায় অনুপ্রবেশ এবং স্বচ্ছন্দে বাঙ্কার, ঘাঁটি ইত্যাদি নির্মাণ করিয়া ভারতের সেনাশিবিরে গুলিগোলাবর্ষণ ভারতকে চমকাইয়া দিয়াছিল। অত্যন্ত প্রতিকূল পরিস্থিতির মধ্য দিয়া ভারতের দেশপ্রাণ জওয়ানেরা প্রচুর প্রাণবলি কবুল করিয়া পাকিস্তান সরকার ও জঙ্গীবাহিনীর অপচেষ্টাকে পর্যুদস্ত করিয়াছিলেন।

ভারতে যখন সরকারী ও বেসরকারী-স্তরে চলিতেছে যুদ্ধজয়োৎসব, তখন জঙ্গীরা প্রকাশ করিতে লাগিল নয়া তাণ্ডব। কী এই তাণ্ডবের স্বরূপ? ভারতের অভ্যন্তরে নানা নাশকতামূলক ক্রিয়াকলাপ—বিস্ফোরণ, লোকাপহরণ এবং হাজারে হাজারে অনুপ্রবেশ এবং তৎসহ অসম, নাগাল্যাণ্ড, মণিপুর, মিজোরাম, ত্রিপুরা প্রভৃতি রাজ্যে ভারতবিরোধী সংগঠনগুলিকে অধিকতর জোরদার করিয়া কেন্দ্রীয় সরকার ও সংশ্লিষ্ট রাজ্যসরকারগুলিকে উদ্বেগে পূর্ণ রাখার সুব্যবস্থা। নেপালের ত্রিভুবন বিমান বন্দরেইণ্ডিয়ান এয়ারলাইন্সের আই সি-৮১৪ বিমান পাঁচজন জঙ্গী ছিনতাই করিয়া নিরুপদ্রবে ভারতের উপর দিয়া উড়িয়া কেন্দ্রীয় সরকারকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাইয়া কান্দাহারে নিশ্চিন্তে আটদিন কাটাইল এবং তিনজন অতি কুখ্যাত বন্দী জঙ্গীকে মুক্তাবস্থায় নিরাপদস্থানে লইয়া যাইতে সক্ষম হইল। আটক বিমানযাত্রীরা মুক্তির স্বস্তি পাইলেন; ইহাতে আমরা আনন্দিত। কিন্তু সরকার যে নরমপন্থার মনোভাব প্রদর্শন করেন, তাহাতে সারা পৃথিবীতে ভারতের মুখোজ্জ্বল হয় নাই।

অতঃপর নূতন ছক শুরু হইয়াছে। ভারত পাকিস্তানকে সন্ত্রাসবাদী রাষ্ট্র হিসাবে ঘোষণা করিবার জন্য পৃথিবীর বহু রাষ্ট্রকে আবেদন জানাইয়াও প্রকারান্তরে ব্যর্থ হইতেছে। কুখ্যাত জঙ্গী মৌলনা মাসুদ আজহার মুক্তি পাইয়াই পাকিস্তানে বিভিন্ন জায়গায় ভারত বিরোধী বক্তৃতা দিয়া জনমত গঠন করিতেছে; পাঁচ লক্ষ জঙ্গীকে কাশ্মীরে প্রেরণের 'কসম' খাইয়াছে। ভারতে নিরাপত্তাবাহিনীর বিভিন্ন শিবিরে জঙ্গীরা প্রবেশ করিয়া আক্রমণ চালাইতেছে। অনন্তনাগের এক সেনা ছাউনিতে তিনজন মিলিটারি অফিসারকে পাঁচজন জঙ্গী আটক করিয়াছিল এবং সমানে বিপক্ষের সঙ্গে লড়িয়াছিল সেনা-ছাউনি ধ্বংস করিয়া ওই জঙ্গীদিগকে হত্যা করা হইয়াছে; আটক অফিসারেরা উদ্ধার পান। একজন ভারতীয় মেজর মারা যান। সমগ্র কাশ্মীরে ভারতের বিভিন্ন সেনাছাউনি অত্যন্ত বিপন্ন অবস্থার মধ্যে রহিয়াছে বলিয়া জানা গিয়াছে।

পাকিস্তানে নিযুক্ত ভারতীয় হাই কমিশনার শ্রীজি পার্থসারথি এক সাক্ষাৎকারে বলিয়াছেন যে, পাকিস্তানের ১০/১৫ হাজার মাদ্রাসার বহিরঙ্গে ধর্মশিক্ষা, অন্তরঙ্গে জঙ্গী তালিম চলিতেছে। ইসলামের উগ্র ব্যাখ্যায় জনমগজ ধোলাই করা হইতেছে।

ভারতের উত্তর-পূর্বাঞ্চলে বেশ কিছু জঙ্গী সংগঠন একযোগে ভারতীয় সেনা-বাহিনীর উপর হামলা চালাইবে, স্থির করিয়াছে। তাহারা স্বাধীন রাষ্ট্রের দাবীদার। দেশের ভিতরে নানা নাশকতামূলক কাজ ভাবিবার বিষয়। গুরুত্বপূর্ণ স্থানে বিস্ফোরণ, রেললাইন ধ্বংস, তেলের পাইপলাইন ধ্বংস প্রভৃতির জন্য কোথাও স্বস্তি নাই। নেপাল, বাংলাদেশ প্রভৃতি সন্নিহিত রাষ্ট্রগুলিতে পাকিস্তানের আই এস আই-এর মদতে হাজারে হাজারে জঙ্গী আসিতেছে এবং ভারতে প্রবেশ করিতেছে। আগার দ্বিজাতি-তত্ত্বের ভিত্তিতে উত্তর-পূর্বাঞ্চলে রাষ্ট্রের দাবী এবং কাশ্মীর সংক্রান্ত পাকদাবীর উপযুক্ত শক্ত মোকাবিলার প্রয়োজন।

### তিনজন গ্রেপ্তার (১ম পৃষ্ঠার পর)

এ্যামবাসাডর লক্ষ্য করে পাঁচ রাউণ্ড গুলি চালান। বেগতিক দেখে সিদ্ধিকালীর কাছে রাস্তার ধারের এক হোটেলের কাছে এ্যামবাসাডরটি দাঁড় করায় গৌরাঙ্গ। ওর সঙ্গী হোটেলে লুকিয়ে যায়। অধীর চৌধুরীর নির্দেশে গৌরাঙ্গকে তাঁর গাড়ীতে তুলে নেওয়া হয়। পরে তাকে বহরমপুর থানায় জমা দেওয়া হয়। বহরমপুর পুলিশ গৌরাঙ্গকে রঘুনাথগঞ্জ থানায় পাঠিয়ে দেয়। রঘুনাথগঞ্জ পুলিশ গৌরাঙ্গর বাকী দুই সাকরেদকেও গ্রেপ্তার করে। বিধায়কের গাড়ীতে হামলা ও তাঁর প্রাণনাশের চেষ্টার অভিযোগ এনে তিনজনকে ১৫ জানুয়ারী জঙ্গিপুর কোর্টে হাজির করলে ওদের জামিন না মঞ্জুর হয়। পুলিশ এ্যামবাসাডরটি আটক করে। অনুসন্ধানে জানা যায় ঘটনার দিন এ্যামবাসাডর চালক গৌরাঙ্গ পাঠক সোনাটিকুরীর দুধ বিক্রেতা অশোক ঘোষ ওরফে অসিত এবং মির্জাপুর বাজারের চায়ের দোকানদার সঞ্জয় ঘোষকে সঙ্গে নিয়ে তালাই গ্রাম থেকে নেশা করে গাড়ীতে রঘুনাথগঞ্জ ফিরছিল। পথে এই ঘটনা ঘটে।

### প্রার্থী করুন—অধীর (১ম পৃষ্ঠার পর)

কাজ করার আহ্বান জানান। জঙ্গিপুর পুর নির্বাচন পরিচালনার দায়িত্ব পান ফরাক্কার বিধায়ক মাইনুল হক। সভার প্রধান অতিথি সাংসদ অধীর চৌধুরী কর্মীদের উদ্দেশ্যে বলেন, 'পুর নির্বাচনে কর্মী ছেলেদের বেছে নিয়ে প্রার্থী করুন। তাতে সে কংগ্রেস করুক বা না করুক। এর আগে ওয়ার্ডে ওয়ার্ডে ভোটার লিষ্ট ঠিক করে যাচাই করে নিন। ভোটারদের কথা মনযোগ দিয়ে শুনতে হবে। সংস্কৃতি, ক্রীড়া, সমাজসেবী—সমাজের সর্বস্তরের মানুষকে দলে টানতে হবে। পরবর্তীতে প্রয়োজনে জঙ্গিপুরের প্রত্যেকটি ওয়ার্ডে আমি পায়ে হেঁটে প্রচারে নামতে রাজী'। সভায় অধীরের এ ধরনের আশ্বাস কংগ্রেস কর্মীদের মধ্যে স্বভাবতই উদ্দীপনা আনে।

### নিয়োগ নিয়ে গুঞ্জন (১ম পৃষ্ঠার পর)

১৯ হয়। বাড়তি পাঁচটি ওয়ার্ডের উন্নয়নে এ পর্যন্ত প্রচুর টাকা খরচ হলেও সেখানে কোন কর আদায় হতো না বলে স্থানীয় অধিবাসী সূত্রে জানা যায়।

### গেরোয় পড়লেন পুরপতি (১ম পৃষ্ঠার পর)

সদরঘাটের লজ, জঙ্গিপুরের বাসষ্ট্যাণ্ড ও মার্কেট কমপ্লেক্স উদ্বোধনে, আরেকবার রঘুনাথগঞ্জের বাসষ্ট্যাণ্ড উদ্বোধনে। অনুষ্ঠান বাতিলের পর জল প্রকল্পকে পুরভোটের পূর্বে সচল করার জন্য পুরপতি অনুষ্ঠান প্রাঙ্গণেই জানালেন প্রকল্পের ইতিবৃত্ত। মৃগাঙ্কর কথামতো আগামী মার্চ মাসের মধ্যেই রঘুনাথগঞ্জ পারে ডিপের জলকে ক্লোরিন ওয়াশ করে সরবরাহ করা হবে। আগামী বছর সেতুর কাজ শেষ হলে মিলবে ওপারের পরিশ্রুত জল। দুপারে এ পর্যন্ত মোট পাইপলাইন বসেছে সাত কিমি মতো। দুপারেই জল ট্যাঙ্কের ধারণ ক্ষমতা ৯ লক্ষ লিটার। ২০টি ওয়ার্ডে জল প্রকল্পে সর্বমোট খরচ ধরা ছিল ১৮৬.৯২ লক্ষ টাকা। এপর্যন্ত খরচ হয়েছে ১৭৩.৩৩ লক্ষ যার মধ্যে ৪০ লক্ষ পুরসভার দেওয়া, বাকী পঃ বঃ সরকারের। তবে গঙ্গার সারফেস ওয়াটার প্রজেক্টে দুপার মিলে খরচ দাঁড়িয়েছে বর্তমানে ৩ কোটি টাকায়। রঘুনাথগঞ্জ পারে ডিপের জল প্রকল্প চালু করতে খরচ হচ্ছে ৬৯ লক্ষ, সেতু তৈরীর পর যা শুধুমাত্র জরুরী প্রয়োজন ছাড়া কোন কাজে লাগবে না। মৃগাঙ্কর কথানুযায়ী আর এক বছরের মধ্যেই রঘুনাথগঞ্জে ওপারের পরিশ্রুত জল সরবরাহ করা যাবে। অথচ কয়েক লক্ষ টাকা ব্যয়ে এপারে ডিপের জল প্রকল্প চালু করার ব্যাপারে পুরপতি বলেন সবই রাজ্য সরকারের প্রজেক্ট, টাকার সিংহভাগ তাদেরই। সেক্ষেত্রে পুরসভার প্রকল্প রূপায়ণ ব্যতীত করার কি আছে!

# National Thermal Power Corporation Ltd.

( A Government of India Enterprise )

## Farakka Super Thermal Power Project

## Notice Inviting Tender

1.0 NTPC, Farakka Project is interested in getting the following works executed through reputed agencies having experience in the relevant field.

| Tender Ref. No. | Name of work | Estimated Value (Rs. in lacs) | Completion period (in months) | EMD Value (Rs.) |
|---|---|---|---|---|
| T-01 6490 | Construction of Boundary wall around HCC Colony at NTPC—Farakka. | 9.56 | 6 | 19,000.00 |
| T-01/ 6531 | Conversion of 24 units of 'A' type Quarters to 'B' type at PTS of NTPC—Farakka | 16.13 | 12 | 32,000.00 |

2.0 QUALIFYING REQUIREMENTS :—
COMMON TO ALL TENDERS :—

The bidder should possess latest Income Tax Clearance Certificate and independent P. F. code number alloted by Regional Provident Fund Commissioner and shall submit documentary evidence for the same along with request for tender document.

For T-01/6490

The bidders should have executed civil construction work of not less than Rs. 6.00 lacs in a single work order in the last 3 years in any Govt. Sector/PSUs/Power Stations.

For T-01/6531

The bidder should have executed building construction works of not less than Rs. 10.00 lacs in a single work order in the last 5 years in any Govt. Sector/PSUs/Power Stations.

3.0 Agencies fulfilling the "QUALIFYING REQUIREMENT" indicated at para 2.0 above may quote for the job in respective tender document which shall be on sell from this office from 20.01.2000 to 31.01.2000. Sell price for each tender document is Rs. 500.00 (Rupees five hundred only, NON REFUNDABLE) in the form of DEMAND DRAFT in favour of NTPC LTD., FSTPP, payable at SBI, Andua (Branch Code-7099). Qualified agencies are requested to quote as per following guide line :—

a) ENVELOPE NO. 1 (DOCUMENTS PERTAINING TO QUALIFYING REQUIREMENT) :—

The agency has to submit documentary evidence in support of fulfilling the qualifying requirement.

b) ENVELOPE NO. 2 (E. M. D.) :—

The agency has to submit E. M. D. of appropriate value (as indicated in the respective tender enquiry) in one of the following forms :—

i) Crossed demand Draft : ii) Call deposits : iii) Certified Cheque by Banker as "Good for payment" : iv) An irrevocable Bank Guarantee as per enclosed format (Bank guarantee from "BANK OF BARODA" shall not be considered) : v) NTPC Power Bonds endorsed in our favour : vi) N. S. C./N. D. C. endorsed in our favour as secutity transferred & pledged on the orginal certificate : vii) Fixed Deposit Receipt endorsed in our favour.

ii) Agencies registered with NSIC are exempted from submission of EMD. Documentary evidence to this effect is to be submitted in Envelope No. 2.

c) ENVELOPE NO. 3 (PRICE BID ENVELOPE) :—

The agency has to submit Price Bid strictly as per our Tender Enquiry.

d) All the above envelopes are to be "Superscribed" with Tender Ref. No., Envelope No. and Name of work.

At first, Envelope No. 1 & 2 shall be opened. If it is found that the "Qualifying Requirements & E. M. D. 's" are in order, then the "Price bid" i. e. Envelope No. 3 shall be opened. However, NTPC, Farakka reserves it right to relax the qualifying requirement depending upon the response against individual tender or to accept or reject any or all applications without assigning any reason thereof.

Envelope No. 1 & 2 shall be opened on 05.02.2000 at 3.00 p. m. which is, however, subject to extension without assigning any reason.

Envelope No. 3 shall be opened on 12.02.2000 at 3.00 p. m. which is however, subject to extension without assigning any reason.

4.0 TERMS & CONDITIONS :—

a) All documents like Work Order Copy, Completion Certificate, documentary evidence of P. F. Code Number, Income Tax Clearence Certificate, Sales Tax Clearence Certificate etc. shall be enclosed with the qualifying requirement i. e. in Envelope No. 1.

Contd. page 3

b) NTPC shall not be responsible for any delay in receipt or non-receipt of applications caused due to postal delay or any other reasons. (c) In case a bidder desires to participate in more than one tender, a separate application is required to be made against each work accompanying a separate D. D. of Rs. 500/- as per above guide line. (d) NTPC reserves the right to divide the work amongst more than one party. (e) The above specification details are only indicative and full details will be given in our bid documents. Interested parties are advised to visit the site and familarise themselves with actual site conditions. (f) If last date of receipt of application/tender submission and opening is a closed holiday for NTPC, Farakka, tender application/tender submission and opening shall be shifted to the next working day. (g) Purchase preference to Central Public Sector Enterprises as well as joint ventures with Central Public Sector Enterprises may be given as per rules as applicable to NTPC. (h) NTPC reserves the right to assess the capacity and capability of bidders after opening of dids and reserves the right to reject any or all tenders without assigning any reasons. (i) Agency should possess valid Income Tax Clearence Certificate and Sales Tax Clearence Certificate from appropriate authorities. (j) The response from qualified vendors against this advertisement shall be considered for registration with NTPC, Farakka for a period of three years. (k) Last date of receipt of Tender is **05. 02. 2000 upto 2-30 p. m.**

Address for communication : Sr. Manager (CS), National Thermal Power Corporation Limited, Farakka Super Thermal Power Station, P. O. Nabarun, Dist. Murshidabad, West Bengal, PIN-742 236.

## ধুলিয়ানে এস পির বিদায় সম্বর্দ্ধনা

নিজস্ব সংবাদদাতা ঃ মুর্শিদাবাদের এস পি সৌমেন মিত্র চলতি মাসে অন্যত্র বদলি হয়ে গেলেন। তাঁকে বিদায় সমর্দ্ধনা জানানোর জন্য গত ১৩ জানুয়ারী ধুলিয়ানে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এর উদ্যোক্তা ছিলেন সামসেরগঞ্জ থানার ওসি মোহাই মাইনুল হক, সিপিএম নেতা চিত্ত সরকার, প্রাক্তন পুরপতি সফর আলি প্রমুখ। নতুন ডাকবাংলো থেকে কাঞ্চনতলা স্কুল পর্যন্ত রাস্তা বেশ কয়েকটি তোরণ দিয়ে সাজানো হয়। এর সঙ্গে ছিল আলোর রোশনাই। নাগরিক কমিটির পক্ষ থেকে প্রচুর উপহার দিয়ে সৌমেনবাবুকে সমর্দ্ধনা জানানো হয়।

## ওরদুপুরে প্রকাশ্যে টাকা ছিনতাই

নিজস্ব সংবাদদাতা ঃ মির্জাপুর বাসষ্ট্যান্ডে অনেক লোকের মধ্যে থেকে গত ১৮ জানুয়ারী বেলা ১২টা নাগাদ টাকা ভর্তি ব্যাগ ছিনতাই হয়। খবর, রঘুনাথগঞ্জের বিশিষ্ট মুদিখানা ব্যবসায়ী বিশ্বনাথ দত্তের (বাবলু) লোক উত্তম দাস মির্জাপুর এলাকা থেকে তাগাদা সেরে শহর ফিরছিলেন। অটো ধরার অপেক্ষায় ষ্ট্যান্ডে দাঁড়িয়ে থাকার সময় এক ছিনতাইকারী তাঁর ব্যাগটি ছিনিয়ে নিয়ে পালিয়ে যায়। ব্যাগে প্রায় ত্রিশ হাজার টাকা ছিল বলে খবর। থানায় অভিযোগ জানানো হয়েছে।


### জমি বিক্রী

গোপালনগর ( মির্জাপুর ) ইটভাটার পাশে সদর রাস্তার কাছে প্লট করে জমি বিক্রী হবে।

যোগাযোগের ঠিকানা—
ধ্রুব মুখার্জী, ট্যাক্স কনসালটেন্ট
রঘুনাথগঞ্জ ফাঁসিতলা





আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

**বাঘিড়া ননী এণ্ড সন্স**

মির্জাপুর ।। গনকর

ফোন নং ঃ গনকর ৬২০২৯



সকলকে অভিনন্দন জানাই—

**রঘুনাথগঞ্জ ব্লক নং-১**

**রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ**

( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার )

রেজিঃ নং-২০ ✱ তারিখ-২১-২-৮০

গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ

ফোন নং-৬২০২৭





ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিন্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

বিশেষ সরকারী ছাড় ১০%

✪ সততাই আমাদের মূলধন ✪

| জয়ন্ত বাঘিড়া | ধনঞ্জয় কাদিয়া | অচিন্ত্য মন্ডিয়া |
| --- | --- | --- |
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |


দাদাঠাকুর প্রেস এন্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ), পিন-৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পন্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।